

রাবিতে দেশের প্রথম মুক্তিযুদ্ধ গবেষণা সেল স্থাপিত হচ্ছে

■ রাজশাহী অফিস

১৯৭১ সালের বহান মুক্তিযুদ্ধ সম্পর্কে আরও বেশি তথ্য আনার সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশে প্রথমবারের মত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একটি পূর্ণাঙ্গ মুক্তিযুদ্ধ গবেষণা সেল স্থাপিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের পক্ষে প্রেসে রাবি প্রশাসনকে দেয়া মুক্তিযুদ্ধ গবেষণা সেল তৈরির বিষয়ে একটি প্রস্তাবনা রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষিকৃষ্ণের ৪৪৯তম সভার ডিন্যান্সিয়ার্স কাউন্সিলে গান হয়েছিল। আগামী দুই সাতের মধ্যেই রাবির কেন্দ্রীয় গ্রন্থাগারে এই সেল চালু করা হবে। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের প্রশাসক ড. সফিকুররী সানাদী গত রবিবার এ তথ্য জানান।

জানা গেছে, এই গবেষণা সেলে মুক্তিযুদ্ধ বিষয়ক পত্রিকা, পত্র-পত্রিকা, স্মরণিকা এবং অডিও ভিডিও ম্যানগ্রী (তথ্য চিত্র, প্রামাণ্য চিত্র ও সংগীত)-সহ বিভিন্ন বিষয় রাখা হবে। আগামীতে এখানে আরও যোগ হবে শিডিওফ আকারে বিভিন্ন পত্র-পত্রিকা। মুক্তিযুদ্ধ বিষয়ে গবেষণার জন্য একজন গবেষক একই ছাদের নিচে পাবেন প্রয়োজনীয় সকল উপাদান।